**কৃষিই সমৃদ্ধি**

# বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
## গাজীপুর-১৭০১

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০১০.২৩.৩৯২ তারিখ: ০১-০৮-২০২৪

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোহাম্মদ বদিউজ্জামান তালুকদার BARI0375, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র, বারি, গাজীপুরকে ০৫-০৭-২০১৭ হতে ০৪-০৭-২০২০ পর্যন্ত ০৩ (তিন) বছর Charles Darwin University, Australia-তে পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০৬২.০৮.০০৭.১১.৩৩৫ তারিখঃ ০৪-০৭-২০১৭ মোতাবেক প্রেষণাদেশ মঞ্জুর করা হয়। সে প্রেক্ষিতে তিনি পিএইচডি কোর্সে অধ্যয়ন শেষে কর্মস্থলে যোগদান করেননি এবং ০৫-০৭-২০২০ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (ক) (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক ''দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়ন" অভিযোগে অভিযুক্ত করে ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০১০.২৩.৭৭৬১ তারিখ: ০১-০৬-২০২৩ মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরনী জারী করা হয় ও ১০ কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জবাব প্রেরণ এবং ব্যক্তিগত শুনানীতে আগ্রহী কিনা তা জানানোর জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, জনাব মোহাম্মদ বদিউজ্জামান তালুকদার BARI0375, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা এর বিরুদ্ধে জারিকৃত ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব প্রদান করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরুপ যোগাযোগ রক্ষা না করায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০১০.২৩.১৪০১ তারিখ: ২৪-০৯-২০২৩ মোতাবেক ড. হাবিব মোহাম্মদ নাসের BARI0196, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বারি, গাজীপুরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোহাম্মদ বদিউজ্জামান তালুকদার BARI0375, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা'র বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (ক) (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক ''দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলার আনুসাঙ্গিক কাগজপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে "দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক কেন তাঁকে চাকরি হতে ''বরখাস্ত'' করা হবে না অথবা অন্য কোন গুরুদন্ড প্রদান করা হবে না এ মর্মে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়;

যেহেতু, সে পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ বদিউজ্জামান তালুকদার BARI0375, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে ২য় কারণ দর্শানো নোটিশ এর কোনরুপ জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরুপ যোগাযোগ রক্ষা করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ বদিউজ্জামান তালুকদার BARI0375, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা'র বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়াদি ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাপূর্বক বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে ''বরখাস্ত'' গুরুদন্ড আরোপ করার সিদ্ধান্ত গৃহিত হয়;

যেহেতু, গত ০৭-০৭-২০২৪ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের ৭৭তম বোর্ড সভায় জনাব মোহাম্মদ বদিউজ্জামান তালুকদার BARI0375, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে ''বরখাস্ত'' করার চূড়ান্ত অনুমোদন দেয়া হয়;

সেহেতু, জনাব মোহাম্মদ বদিউজ্জামান তালুকদার BARI0375, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র, বারি, গাজীপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাক্রমে **"দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন"** এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক অত্র ইনস্টিটিউটের চাকরি হতে **''বরখাস্ত''** করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(ড. দেবাশীষ সরকার)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ০২-৪৯২৭০০০০

**রেজি./এডিঃ**
জনাব মোহাম্মদ বদিউজ্জামান তালুকদার BARI0375,
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র, বারি, গাজীপুর ।

**রেজি./এডিঃ স্থায়ী ঠিকানা-**
জনাব মোহাম্মদ বদিউজ্জামান তালুকদার BARI0375
পিতা-মোহাম্মদ মকবুল হোসেন তালুকদার , মাতা- বেলায়েতুন নেছা
গ্রাম-বানিয়াশুড়ী, পোস্ট+থানাঃ গৌরনদী, জেলা-বরিশাল।

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০১০.২৩.৩৯২ তারিখ: ০১-০৮-২০২৪

**অনুলিপিঃ-**

১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মুল্যায়ন/কন্দাল), বারি, গাজীপুর
২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকতা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকতা, উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র, বারি, গাজীপুর
৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
৫। জনাব মোহাম্মদ বদিউজ্জামান তালুকদার BARI0375, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র, বারি, গাজীপুর
৬। জনাব মোহাম্মদ বদিউজ্জামান তালুকদার BARI0375, পিতা-মোহাম্মদ মকবুল হোসেন তালুকদার, মাতা-বেলায়েতুন নেছা, গ্রাম-বানিয়াশুড়ী, পোস্ট+থানাঃ গৌরনদী, জেলা-বরিশাল।
৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
৮। এসিআর সেল/কম্পিউটার সেল
৯। ব্যক্তিগত নথি/মাস্টার ফাইল/সংশ্লিষ্ট নথি।

০১/০৮/২৪

(মোঃ মিজানুর রহমান খন্দকার)
উপ-পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
ফোনঃ ৪৯২৭০০১০/৫৩০৬